

মুগ্ধান্তর

০৮-০৭-২০২৪, পৃষ্ঠা- ১৫



ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয় অধ্যাপক ড. ফারহানা ফেরদৌসীর আন্তর্জাতিক অঙ্গনে সাফল্য

ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের চেয়ারপারসন, ড. ফারহানা ফেরদৌসী ২০২৪ সালের জন্য 'অ্যাক্রেডিটেশন কাউন্সিল' ফর বিজনেস স্কুলস অ্যান্ড প্রোগ্রামস' (এসিবিএসপি) প্রদত্ত 'চিচৎ এক্সেলেন্স অ্যাওয়ার্ড'-এ ভূষিত হয়েছেন। এসিবিএসপি'র দেওয়া এই পুরস্কারটি ব্যবসায় প্রশাসন শিক্ষা ক্ষেত্রে অসামান্য দক্ষতা ও অবদান রাখা শিক্ষাবিদদের দেওয়া হয়। ২৭-২৯ জুন মার্কিন যুক্তরাষ্ট্রের মিয়ামিতে অনুষ্ঠিত এসিবিএসপি'র বার্ষিক সভায় অধ্যাপক ফেরদৌসীকে এই পুরস্কার দেওয়া হয়। পাশাপাশি ড. ফেরদৌসীকে এসিবিএসপির (রিজিয়ন ১০) কার্যনির্বাহী কমিটির কোষাধ্যক্ষ পদে নির্বাচিত করা হয়েছে। রিজিয়ন ১০-এ বাংলাদেশসহ এশিয়া মহাদেশের ১৬টি দেশ অন্তর্ভুক্ত রয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।